
# অব্রাহাম







আদিপুস্তক ১০:২৫, ১১:১০


তেরহ তিন পুত্রের পিতা ছিলেন--
অব্রাম, নাহোর এবং হারণ।
অব্রাম সারীকে বিয়ে করলেন, যিনি
সম্পর্কে তার কাকাতো বোন ছিলেন ।
এর পরেই তেরহ তার ছেলে অব্রাম, ও তার পুত্রবধু
সারীকে নিয়ে কনান দেশে যাবার জন্য কল্দীয়
দেশের উর শহর থেকে যাত্রা করলেন।
তেরহ তার নাতি লোটকে সাথে নিয়েছিলেন, যার
পিতা হারণ আগেই মারা গিয়েছিলেন।
তেরহ এবং তার পরিবার উত্তর পূর্ব
ইউফ্রেটিস নদীর পাশ দিয়ে হারন
শহর পর্যন্ত যাত্রা করলেন।
উর দেশ থেকে তারা যে পথে কনান দেশে যাত্রা করেছিলেন তার চাইতে সমস্ত
পশু ও বিষয় সম্পদ নিয়ে মরুভূমির মধ্য দিয়ে যাত্রা করা সহজতর ছিলো ।


তার পিতা হারণের মৃত্যুর পর, ঈশ্বর অব্রামের সাথে কথা বললেন এবং ঈশ্বর তার সাথে একটা চুক্তি বা সন্ধি স্থাপন করলেন।
তুমি তোমার নিজের দেশ, তোমার আত্মীয়-স্বজন এবং তোমার বাবার বাড়ী-ঘর ছেড়ে আমি তোমাকে যে দেশ দেখাব সেই দেশে যাও ।
আমি তোমার নাম মহান করব এবং তোমার মধ্য দিয়ে লোকেরা আশীর্বাদ পাবে।
আমি তোমার নাম মহান করব এবং তোমার মধ্য দিয়ে লোকেরা আশীর্বাদ পাবে।
ঈশ্বর অব্রাম ও তাঁর বংশধরদের জন্য অবিশ্বাস্য এক প্রতিজ্ঞা করলেন...
যারা তোমাকে আশীর্বাদ করবে আমি তাদের আশীর্বাদ করবো, আর যারা তোমাকে অভিশাপ দেবে আমি তাদের অভিশাপ দেব...
... আর তোমার মধ্য দিয়ে পৃথিবীর প্রত্যেকটি জাতি আর্শীবাদ পাবে ।
আমাদের তাঁবু গুলো আরও দূরে নিয়ে যাওয়া উচিৎ।
কিন্তু কাকু, আমাদের সাথে এখন আগের চাইতে অনেক বেশি পশুপাল রয়েছে এবং এদের সংখ্যাও বৃদ্ধি পাচ্ছে!
সেটা আমি জানি । আমাদের ঈশ্বর অতি মহান এবং আমাদের আর্শীবাদ করেছেন।
কিন্তু ঈশ্বর স্পষ্ট ভাবে আমাকে বলেছেন যে আমাদের এখান থেকে চলে যাওয়া উচিৎ ।
মহান ঈশ্বর আমাকে বলেছেন যে ...আমার মধ্য দিয়ে পৃথিবীর প্রত্যেকটি জাতি আশীর্বাদ পাবে ।
ঈশ্বর যখন বলেছেন -- তখন তিনি অবশ্যই আমাদেরকে পথ দেখিয়ে দেবেন।


তাই অব্রাম ঈশ্বরের নির্দেশ মতো হারণ দেশ ত্যাগ করলেন।
তারা কনানের উদ্দেশ্যে যাত্রা শুরু করলেন।
কনান দেশের মধ্য দিয়ে যেতে যেতে অব্রাম শিখিম শহরের কাছে মোরির এলোন গাছ পর্যন্ত গেলেন। সদাপ্রভু অব্রামকে দেখা দিয়ে বললেন...
যে মাটিতে তুমি দাঁড়িয়ে আছ... সেই দেশটাই আমি তোমার বংশধরদেরকে দেব।
আমার বংশধর ?
এটি সেই স্থান যেখানে আমি তোমার রব শুনেছি এবং তোমার উদ্দেশ্যে একটা বেদী তৈরী করবো।




জ্যেঠু- এখানে যথেষ্ট পরিমাণে খাবার নেই- আমাদের এখানে বেঁচে থাকার কোন সম্ভাবনাই আমি দেখছি না।
ঈশ্বর আমাকে এই দেশের বিষয়ে প্রতিজ্ঞা করেছেন কিন্তু আমাদেরকে অবশ্যই আমাদের পশুপাল ও পরিবারকে খাওয়াতে হবে।
যতদিন পর্যন্ত এই দুর্ভিক্ষ শেষ না হচ্ছে ততদিন পর্যন্ত আমরা মিশরেই বাস করবো এবং তারপরে আমরা নেগেভের দিকে ফিরে যাব।
আমি শুনেছি যে এই লোকেরা পৌত্তলিক- তারা সত্য ঈশ্বরের আরধনা করে না । তারা বিভিন্ন দেব-দেবতার আরাধনা করে যারা তাদেরই মহানদী থেকে উৎপত্তি হয়েছে।
তুমি কি বোঝাতে চাইছো?
তারা এরকমই এবং খারাপ কিছু করতে পারে--আর আমি আমার জীবন নিয়ে চিন্তিত।
মিশরীয়েরা যখন দেখবে তুমি কতটা সুন্দরী তখন আমার জীবনের কোন মূল্য থাকবে না। তারা যে কোনো মূল্যে তোমাকে পেতে চাইবে এবং এজন্য তারা তোমাকে পাবার জন্য আমাকে হত্যা করতেও দ্বিধাবোধ করবে না ।
শোন এটা কর... তুমি তাদেরকে বলবে যে তুমি আমার বোন, সেটাই আমার জন্য ভাল হবে।
তাদের মধ্যে ওদেরই সবচেয়ে বেশি সম্পত্তি আছে।
হ্যাঁ, এবং সবচেয়ে বেশি সুন্দরী ...
শকটের মধ্যে যে মহিলাটি ছিল সে এতটাই সুন্দরী যে--তার সৌন্দর্য বলে বোঝানো যায় না।
হ্যাঁ, সে মিশরের যেকোন মহিলার থেকেও সুন্দরী।
তোমার বর্ণনা অনুসারে যদি সে সত্যিই অতটা সুন্দরী হয়, তাহলে তাকে এখানে নিয়ে আসার জন্য আমি তোমাকে পুরস্কৃত করবো-- আর আমি তাকে আমার প্রাসাদে নিয়ে রাখবো।





আদিপুস্তক ১২:১৬-১৭





আদিপুস্তক ১২:১৮-১৩:৪


তোমার মেষ গুলোকে সরাও । আমাদের মেষগুলোর জল খাওয়া শেষ হলে এবং ঐ সবুজ মাঠে নিয়ে যাবার পরই এই মেষ গুলো জল খেতে পারবে।
আর আমাদের মেষগুলোর চেয়ে কি তোমাদের গুলো আরো ভাল? লোটের পশুপালের জন্য যতটুকু জলের প্রয়োজন তারা ততটুকুই পাওয়ার যোগ্য।
আমাদের মনিব অব্রাম মহান ও সবকিছুর মালিক, এবং তার মেষপালই সবার আগে যাবে, তাই এখন তুমি চলে যাও!
কাকু, আমাদের মেষপালকেরা মারামারি করছে । তোমার মেষপালের সংখ্যা অনেক বেশি আর ঠিক একই ভাবে আমার মেষ পালও এখন অনেক। এই দেশ আর আমাদের দুজনের জন্য যথেষ্ট নয় সুতরাং, আমার সরে যাওয়া উচিৎ ।
আমাদের মধ্যে কোন ঝগড়া হোক সেটা আমি চাই না- আমরা আত্মীয় এবং সেইসাথে আমি তোমার ও আমার মেষপালকদের মধ্যে কোন ঝগড়া দেখতে চাই না... এস আমার সাথে।
গোটা দেশটাই তো তোমার সামনে পড়ে আছে। তাই এস,আমরা আলাদা হয়ে যাই।
তুমি এই দেশের যে কোন অংশ পছন্দ করতে পার। তুমি বাঁ দিকটা বেছে নিলে আমি ডান দিকে যাব, আর ডান দিকটা বেছে নিলে আমি বাঁ দিকে যাব।
ঐ যে ঐ দিকটা, --- সদোম ও ঘমোরার কাছাকাছি জায়গাটা। আমার পছন্দ যর্দন নদীর দক্ষিণ দিকের সমভূমি, সেখানে প্রচুর জল আছে। আমি এই দিকে যাব এবং সেখানে আমার বাড়ি বানাবো।
ঐ যে ঐ দিকটা, --- সদোম ও ঘমোরার কাছাকাছি জায়গাটা। আমার পছন্দ যর্দন নদীর দক্ষিণ দিকের সমভূমি, সেখানে প্রচুর জল আছে। আমি এই দিকে যাব এবং সেখানে আমার বাড়ি বানাবো।
আশা করি তখনই আমাদের দুই দলের মধ্যে শান্তি প্রতিষ্ঠিত হবে ।


উর্বর জমির জন্য সেখানে প্রায়ই বিভিন্ন গোষ্ঠিদের মধ্যে ঝগড়া বাঁধতো কারণ প্রত্যেক শহরের রাজা ক্ষমতা ও ধনদৌলতের জন্য কলা-কৌশল ব্যবহার করতো।
এমনই একটি যুদ্ধ সদোম ও ঘমোরা শহরে শুরু হলো, সেই যুদ্ধের মধ্যে লোট ও তার পরিবার পড়লো এবং তাঁর সমস্ত ধন-সম্পদ সহ তাকেও ধরে নিয়ে গেল।
প্রভু দেখুন, লোটের একজন মেষ পালক আমদের দিকে আসছে ।
চল আমরা দেখি তার কি প্রয়োজন ---আমি আশা করি আমার ভাতিজা ও তার পরিবারের সবাই ভালো আছে ।
সেখানে চারজন রাজার বিরুদ্ধে পাঁচজন রাজা যুদ্ধ চালাচ্ছিলো আর সিদ্দীম উপত্যকাতে আস্কাত্রায় ভরা গর্তে অনেকে পড়ে আছে । লোট তার সমস্ত ধন সম্পদ সহ এখন বন্দি অবস্থায় আছে।
ওকে কিছু খাবার ও জল দাও যাতে সে শক্তি ফিরে পায় --- তারপর সে আমাদেরকে পথ দেখিয়ে নিয়ে যেতে পারবে।
এখনই আমাদের সব যোদ্ধাদের একত্র কর-- যোদ্ধাদের সংখ্যা যেন সর্বনিম্ন ৩১৮ জন হয় । মম্রি, ইস্কোল ও আনের আমার সাথে যাবে । তাদের কাছে যাও এবং তাদেরকে আমাদের সাথে যুদ্ধ করতে নিয়ে চল ।
আমার ভাতিজা এবং তার পরিবারকে উদ্ধার করার জন্য এখনই আমরা যুদ্ধ যাত্রা করবো।
অব্রাহাম, প্রভু আমার, আপনি যেমন বলেছেন ঠিক তেমনি হবে ।




আদিপুস্তক ১৪:১৫-১৭




আদিপুস্তক ১৪:১৮-২২



অব্রাম, ভয় কোরো না। আমিই তোমার ঢাল, তোমার সবচেয়ে বড় পুরস্কার ।
হে সদাপ্রভু, আমার প্রভু, তুমি আমাকে কি দেবে? আমার আর সারীর তো কোন ছেলেমেয়ে নেই।
তুমি তো আমাকে কোন সন্তান দাও নি কাজেই আমার বাড়ীর একজন দাসই তো আমার পরে আমার বিষয়-সম্পত্তির অধিকারী হবে।
এস ----
বাহিরে এস ।
একজন দাস কখনই তোমার বিষয়-সম্পত্তির অধিকারী হবে না। তোমার নিজের সন্তানই তোমার সম্পত্তির অধিকারী হবে।
আকাশের দিকে তাকাও এবং যদি পার ঐ তারাগুলো গুণে শেষ কর।
তোমার বংশের লোকেরা ঐ তারার মতই অসংখ্য হবে।
অব্রাম সদাপ্রভুর কথা বিশ্বাস করলেন আর সদাপ্রভু সেইজন্য তাঁকে ধার্মিক বলে গ্রহণ করলেন।
হে সদাপ্রভু, প্রভু আমার, আমি কি করে জানব যে, এই দেশটা আমার অধিকারে আসবে?
তুমি আমার কাছে একটা বক্‌না বাছুর, একটা ছাগী আর একটা পুরুষ ভেড়া নিয়ে এস। সেগুলোর প্রত্যেকটার বয়স যেন তিন বছর হয়। সেই সংগে একটা ঘুঘু আর একটা কবুতরের বাচ্চাও নিয়ে এস।

আদিপুস্তক ১৫:১- ৯


আমি যে পশুগুলো বেছে রেখেছিলাম সেগুলো আমার কাছে নিয়ে এস। আমার ঈশ্বরের উদ্দেশ্যে উৎসর্গ করবার জন্য সেই পশুগুলো আমার প্রয়োজন ।
এখান থেকে দূর হও !
এখান থেকে দূর হও !
তুমি এই কথা নিশ্চয় করে জেনো, তোমার বংশের লোকেরা এমন একটা দেশে গিয়ে বাস করবে যা তাদের নিজেদের নয়। সেখানে তারা অন্যদের দাস হয়ে চারশো বছর পর্যন্ত অত্যাচার ভোগ করবে।





আদিপুস্তক ১৫:১৪-২১


আমি একটা বাচ্চা চাই।
আমি কি ঈশ্বর যে আমি এই কাজ করতে পারি? তুমি যা চাইছো তা তো মানুষের হাতে নেই বরং তা ঈশ্বরের কাছেই আছে।
আমি একটি সন্তান চাই---- কিন্তু তা হবে আমার মিশরীয় দাসী হাগারের মাধ্যমে । দেখ, সদাপ্রভু আমাকে বন্ধ্যা করেছেন। সেইজন্য তুমি আমার দাসীর কাছে যাও। হয়তো তার মধ্য দিয়ে আমি সন্তান লাভ করব।
তুমি কি সত্যই এই কথা বলছো ।
হ্যাঁ।

আদিপুস্তক ১৬:১-৪




আমার জন্য ঐ ভাঙ্গা রুটি গুলো নিয়ে এস ।
আমি পারবো না, তোমার স্বামীকে শক্তিশালি বাচ্চা দেবার জন্য আমার এখন বিশ্রামের প্রয়োজন।
আমার শিশুকে আমিই মানুষ করব।
তোমার সেই সামর্থ্য নেই, কিন্তু আমাদের মনীব অব্রাম এতদিন ধরে যা চেয়েছেন সেটা পূরণ করার সামর্থ্য আমার আছে।
তোমার ভুলের কারণে আমি এই যন্ত্রণা ভোগ করছি। তুমি আমার দাসীর সাথে শয়ন করেছো আর এজন্য এখন সে গর্ভবতী , আর এখন আমাকে তুচ্ছ করছে।
হে প্রভু আমাদের প্রতি ন্যায্য বিচার করুন।
তুমি আমাকে যা করতে বলেছ আমি শুধু তাই করেছি।
কিন্তু সে তোমার অধীনে রয়েছে ---- তোমার কাছে যা ভালো মনে হয় তুমি তার প্রতি তাই কর ।
তুমি একজন অলস দাসী ---আজ সকালে যেভাবে বলেছিলাম ঠিক সেইভাবে খাবার প্রস্তুত কর --- নতুবা আমি তোমার জন্য চাবুক বের করবো এবং মনে করিয়ে দেবো যে আমি তোমার প্রভু !
বাচ্চা ধারণ করা ছাড়া তোমার কোন মূল্য নাই, আর খুব শীঘ্রই আমি তোমার বাচ্চাকে কেড়ে নেবো আর তার মুখও দেখতে দেবো না ।





আদিপুস্তক ১৬:৭-১৬


আমিই সর্বশক্তিমান ঈশ্বর। তুমি আমার সংগে যোগাযোগ-সম্বন্ধ রাখ এবং আমার ইচ্ছামত চল।
আমিই সর্বশক্তিমান ঈশ্বর। তুমি আমার সংগে যোগাযোগ-সম্বন্ধ রাখ এবং আমার ইচ্ছামত চল।
আমিই সর্বশক্তিমান ঈশ্বর। তুমি আমার সংগে যোগাযোগ-সম্বন্ধ রাখ এবং আমার ইচ্ছামত চল।
আমি তোমার বংশ অনেক বাড়িয়ে দেব। তোমার মধ্য থেকে আমি অনেক জাতির সৃষ্টি করব, আর তোমার মধ্য থেকে অনেক রাজার জন্ম হবে।
এই ব্যবস্থার সম্বন্ধ যে কেবল তোমার আর আমার মধ্যে চলবে তা নয়; তা চলবে তোমার সন্তানদের ও আমার মধ্যে বংশের পর বংশ ধরে।
যে কনান দেশে তুমি এখন বিদেশী হয়ে বাস করছ তার সবটাই চিরকালের সম্পত্তি হিসাবে আমি তোমাকে ও তোমার বংশকে দিলাম। আমি তাদের সকলেরই ঈশ্বর হলাম।
তুমি ও তোমার সমস্ত সন্তানেরা বংশের পর বংশ ধরে এই ব্যবস্থা মেনে চলবে...আমার এই যে ব্যবস্থা, যার চিহ্ন হিসাবে তোমাদের প্রত্যেকটি পুরুষের সুন্নত করাতে হবে...তা তোমার ও তোমার বংশের লোকদের মেনে চলতে হবে। যে দাস তোমার বাড়ীতে জন্মেছে কিম্বা যাকে টাকা দিয়ে কেনা হয়েছে, তাদের প্রত্যেককে সুন্নত করাতেই হবে।


এবং তোমার স্ত্রী সারীকে আর সারী বলে ডাকবে না... কিন্তু তার নাম হবে এখন থেকে সারা ।
আমি তাকে আশীর্বাদ করে তারই মধ্য দিয়ে তোমাকে একটা পুত্রসন্তান দেব। আমি তাকে আরও আশীর্বাদ করব যাতে সে অনেক জাতির এবং তাদের রাজাদের আদিমাতা হয় ।
তাহলে সত্যিই একশো বছরের একজন বুড়োর ছেলে হতে যাচ্ছে এবং নব্বই বছরের একজন স্ত্রীর সন্তান হতে যাচ্ছে?
আহা, ইশ্মায়েলই যেন তোমার দয়ায় বেঁচে থাকে!
হ্যাঁ ,তোমার স্ত্রী সারার সত্যিই ছেলে হবে, আর তুমি তার নাম রাখবে ইস্‌হাক তার ও তার বংশের লোকদের জন্য আমি আমার চিরকালের ব্যবস্থা চালু রাখব।
হ্যাঁ ,তোমার স্ত্রী সারার সত্যিই ছেলে হবে, আর তুমি তার নাম রাখবে ইস্‌হাক তার ও তার বংশের লোকদের জন্য আমি আমার চিরকালের ব্যবস্থা চালু রাখব।
কিন্তু ইস্‌হাকের জন্যই আমি আমার ব্যবস্থা চালু রাখব। সামনের বছর এই সময়ে সে সারার কোলে আসবে।


আজকে, ঈশ্বরের আদেশের প্রতি বাধ্যতা, কেবলমাত্র ইশ্মায়েল এবং আমার নয়, কিন্তু আমার পরিবারের প্রত্যেক পুরুষকে সেই সংগে বাড়ীর অন্য সব পুরুষদের, অর্থাৎ যারা তাঁর বাড়ীতে জন্মেছিল এবং বিদেশীদের কাছ থেকে যাদের কেনা হয়েছিল তাদের প্রত্যেককে- প্রভুর আদেশ অনুযায়ী অবশ্যই সুন্নত করা উচিত।
আদিপুস্তক ১৭:১৫-২৭


প্রভু আমার, যদি অসুবিধা না হয় তবে দয়া করে আপনার এই দাসকে পাশ কাটিয়ে চলে যাবেন না। আমি একটু জল আনিয়ে দিচ্ছি, আপনারা পা ধুয়ে নিন।
আমি আপনাদের জন্য কিছু খাবার নিয়ে আসি, তাতে সতেজ হয়ে আপনারা আবার যাত্রা করতে পারবেন।
বেশ ভাল, তুমি যা বললে তা-ই কর।
তাড়াতাড়ি কর... আঠারো কেজি ভাল ময়দা নিয়ে মেখে কিছু রুটি তৈরী করে দাও।
এই কচি বাছুরটা নাও এবং সঠিক উপায়ে সুস্বাদু করে রান্না কর ।




আদিপুস্তক ১৮: ৮-১৫




আদিপুস্তক ১৮:১৬-২৬


দেখুন, আমি ধুলো ও ছাই ছাড়া আর কিছুই নই, তবুও আমি সাহস করে আমার প্রভুর সংগে কথা বলছি।
ধরুন, যদি পঞ্চাশজন সৎ লোক না হয়ে পাঁচজন কম হয় তাহলে কি সেই পাঁচজন কম হওয়ার জন্য আপনি গোটা শহরটা ধ্বংস করে ফেলবেন?
আমি যদি সেখানে পঁয়তাল্লিশজনকেও পাই তবে আমি তা ধ্বংস করব না।
ধরুন, যদি সেখানে মাত্র চল্লিশজন সৎ লোক পাওয়া যায়?
সেই চল্লিশজনের জন্যই আমি তা ধ্বংস করব না।
আমার প্রভু যেন আমার কথায় অসন্তুষ্ট না হন কিন্তু আবার জানতে চাইছি।
কি হবে যদি সেখানে মাত্র ত্রিশজনকে পাওয়া যায়?
যদি আমি ত্রিশজনকেও সেখানে পাই তবে আমি তা ধ্বংস করব না।
আমি যখন সাহস করে প্রভুর সংগে কথা বলছি তখন আরও বলছি, যদি সেখানে বিশজনকে পাওয়া যায়?
সেই বিশজনের জন্যই আমি তা ধ্বংস করব না।
আমার প্রভু যেন অসন্তুষ্ট না হন, কিন্তু আমি আর একবার মাত্র বলছি।
যদি সেখানে দশজনকে পাওয়া যায়?
সেই দশজনের জন্যই আমি তা ধ্বংস করব না।


প্রভু আমার ,আপনারা দয়া করে আপনাদের এই দাসের ঘরে আসুন এবং আমাকে আপনার হাত-পা ধুয়ে দিতে দিন, তারপর আপনারা আজ রাতটা এখানেই কাটান এবং খুব ভোরে উঠেই না হয় আবার চলতে শুরু করবেন।
না, আমরা এই শহর-চকেই আজ রাতটা কাটাব।
না, আমি আপনাদের বিনতী করছি ,আজ আপনারা আমার অতিথি হোন।
ইল্ডিথ --- অনেক দূর দেশ থেকে অতিথী এসেছে --অনুগ্রহ করে তাদের জন্য সুস্বাদু খাবার প্রস্তত কর ।
ঠক ঠক ঠক!!
আজ রাতে যে দুজন লোক এই শহরে প্রবেশ করেছে তারা তোমার এখানে এসেছে...তারা কোথায়?
তাদের বের করে আমাদের কাছে নিয়ে এস, আমরা ঐ দুজন পুরুষের সংগে ব্যভিচার করব।
হো- হো - হা। হ্যাঁ - আমরা তাদের জন্য প্রস্তুত!

আদিপুস্তক ১৯: ১-৫


ভাইয়েরা আমার, আমি তোমাদের অনুরোধ করছি, তোমরা এই রকম খারাপ কাজ কোরো না।
দেখ, আমার দুটি মেয়ে আছে। তারা কখনও কোন পুরুষের সংগে থাকেনি।
তাদের আমি তোমাদের কাছে বের করে নিয়ে আসছি এবং তাদের সংগে তোমরা যা খুশী তাই কর।
কিন্তু এই লোকদের উপর কিছু কোরো না, কারণ তাঁরা আমার ঘরে আশ্রয় নিয়েছেন।
লোকটা আমাদের এখানে এসেছে বিদেশী হিসাবে, আর তারপর থেকে আমাদের উপর কেবল মোড়লি করে বেড়াচ্ছে।
এখন আমরা ওদের চেয়েও তোর সংগে আরও খারাপ ব্যবহার করব !
চল আমরা এখনই ভিতরে যাই!
আমি কিছুই দেখতে পাচ্ছি না--- কিন্তু এই দুজন পুরুষকে আমার খুঁজে বের করতেই হবে।
আমাকে দরজা খুঁজে পেতে সাহায্য কর !
ওটা ভুলে যাও - আমি এই পুরুষদের সবার আগে জানতে চাই।




আদিপুস্তক ১৯: ১২-১৪




আদিপুস্তক ১৯:১৫-২৩




আদিপুস্তক ১৯:২৪-২৫




আদিপুস্তক ১৯:২৬-২৯




সোয়রে থাকতে সাহস হল না বলে লোট সেখান থেকে বের হয়ে পাহাড়ী এলাকায় চলে গেলেন কারণ তিনি লোকদের ভয় পেয়ে ছিলেন ।
সম্ভবত তিনি ভয় পেয়েছিলেন যে তিনি সমভূমির শহরগুলি ধ্বংস করার জন্য দায়ী হবেন, অথবা তাকে আরও বেশি বিচারের সম্মুখীন হতে হবে।
সদোম এবং ঘমোরার অমরতা তাদের চিন্তাভাবনাকে এমনভাবে খারাপ করে দিয়েছিল যে তারা দুষ্ট বুদ্ধি করতে লাগল।
এই এলাকায় এমন কোন পুরুষ লোক নেই যিনি এসে জগতের নিয়ম মত আমাদের বিয়ে করবে সুতরাং আমাদের বংশ রক্ষা করবার জন্য আমদেরকেই ব্যবস্থা করতে হবে ।
চল, আমরা আমাদের বাবাকে আংগুর-রস খাইয়ে মাতাল করে তাঁর কাছে যাই এবং আজ রাতে আমি বাবার সাথে শুতে যাবো ।
পরের দিন রাতেও তারা একই কাজ করেছিলো কিন্তু সেইদিন ছোট মেয়েটি নিজের বংশ রক্ষা করবার জন্য তার বাবার সংগে শুয়েছিলো।
মেয়েরা কখন যে তাঁর কাছে শুলো এবং কখনই বা উঠে গেল তিনি তা টেরও পেলেন না কারণ তিনি তখন আংগুর-রস খেয়ে মাতাল হয়ে ছিলেন ।
তারা দুটি ছেলের জন্ম দিয়েছিলো যারা পরবর্তীতে মোয়াব ও অম্মোনীয়দের আদিপিতা হয়েছিলেন ---যাদের সাথে ইস্রায়েলের দীর্ঘদিন ধরে শত্রুতা চলে আসছে ।


এরপর অব্রাহাম মম্রি থেকে নেগেভ নামে দক্ষিণের মরু-এলাকার দিকে চলে গেলেন।
এই নারী অসম্ভব রুপবতী ।
হ্যাঁ , সে আমার বোন।
যে স্ত্রীলোকটিকে তুমি নিয়ে এসেছ, তার স্বামী আছে। তাকে নিয়ে আসবার দরুন তুমি মৃত্যুর মুখোমুখি হয়ে আছ ।
তুমি সরল মনেই এই কাজ করেছ। আমি তোমাকে সেইজন্যই তাকে ছুঁতে দিই নি এবং এখন তুমি তাকে তার স্বামীর কাছে ফিরিয়ে দাও--- সে একজন নবীর স্ত্রী।
আবারো অব্রাহাম ঈশ্বরের প্রতি বিশ্বাস না করে প্রতারণার আশ্রয় নিলেন কারণ তিনি তখন প্যালেষ্টাইন দেশের উপর দিয়ে যাচ্ছিলেন আর তখন অবীমেলক সেই দেশের রাজা ছিলেন ।
যদি তুমি তা না করো , তাহলে তুমি মৃত্যু থেকে তুমি রেহাই পাবে না।
আপনি আমাদের সংগে এ কি রকম ব্যবহার করলেন? আমি আপনার কাছে কি দোষ করেছি যে, আপনি আমাকে এবং আমার রাজ্যকে এত বড় পাপের দায়ে ফেললেন?
আমি ভেবেছিলাম, এই জায়গার লোকদের ঈশ্বর-ভয় বলে কিছু নেই। কাজেই আমার স্ত্রীকে পাবার জন্য তারা হয়তো আমাকে মেরে ফেলবে।
তা ছাড়া সে আমার বোনও বটে ----কারণ আমাদের মা আলাদা হলেও আমরা দুজন একই বাবার সন্তান।
অব্রাহাম আপনার জন্য আমি এই ভেড়া, গরু এবং দাস-দাসী দিলাম --- আপনার বাস করার জন্য আমার গোটা দেশটাই আপনার সামনে রয়েছে।
এবং আপনি সারা, তার স্ত্রী -- আমি আপনার প্রতি যে অন্যায় করেছি তা আপনার সব লোকদের সামনে যেন ঢাকা পড়ে যায় সেইজন্য আপনার ভাইকে এক হাজার রূপার টুকরা দিচ্ছি।
এখন আমার এবং আমার বাড়ীর সবার জন্য প্রার্থনা করুন -----যখন থেকে আপনারা স্ত্রী সারা এই বাড়ীতে এসেছে আমার বাড়ীর সমস্ত স্ত্রীলোকদের সন্তান ধারণের ক্ষমতা সম্পূর্ণভাবে বন্ধ হয়ে গিয়েছে ।




ওয়ায়ায়ায়াহ!
সদাপ্রভু তাঁর কথামতই সারার প্রতি যা করবেন বলে প্রতিজ্ঞা করেছিলেন তা করলেন।
প্রভু ,আপনার একটি ছেলে হয়েছে ।
এই সন্তানের নাম রাখা হবে ইসাহাক --- সে আমাদের সবার মুখে হাসি ফুটিয়েছে !
ঈশ্বর আমার মুখে হাসি ফুটালেন, আর সেই কথা শুনে অন্যের মুখেও হাসি ফুটবে।
সারা যে সন্তানকে বুকের দুধ খাওয়াবে , এই বুড়ো বয়সেই তাঁর সন্তান কোলে আসবে এই কথা এর আগে কে ই বা বলতে পারত ?
ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন... এবং তিনি আমাদের যা দেবার প্রতিজ্ঞা করেছিলেন তাই দিয়েছেন ।
যদিওবা অনেকে ভেবেছিলো এটা কি আদৌ সম্ভব?
অব্রাহমের ঈশ্বর অবশ্যই সত্য জীবন্ত ঈশ্বর ।





আদিপুস্তক ২১:৮-১৩




আদিপুস্তক ২১:১৪-২১



সেই দেশের রাজা অবীমেলক ও তাঁর প্রধান সেনাপতি ফীখোল অব্রাহামের সাথে দেখা করতে আসলেন ।
আমরা জানি যে ঈশ্বর আপনার সংগে, আপনার সব কাজের মধ্যে তিনি আপনার সংঙ্গে আছেন ।
ঈশ্বরের নামে আপনি এখন আমার কাছে এই শপথ করুন যে, আমার বা আমার সন্তানদের সংগে বা আমার বংশধরদের কারও সংগে কোন ছলনার কাজ করবেন না --- আমি যেমন করে আপনার সংগে বিশ্বস্তভাবে ব্যবহার করেছি তেমনই আপনি আমার দেশের লোকদের সংগে ব্যবহার করবেন।
হ্যাঁ, আমি শপথ করছি ।
তবে একটা কূয়ার ব্যাপারে আমার নালিশ আছে জানিয়ে অবীমেলককে বললেন যে, তাঁর দাসেরা তা জোর করে তাঁর কাছ থেকে দখল করে নিয়েছে।
আমি এই মাত্রই এটা শুনলাম--এই কূয়াটি আমাদের প্রভু অব্রাহামের। আমি নিজেই অব্রাহামের কাছে যাব।
এই সাতটা আলাদা করা বাচ্চা-ভেড়ীর মানে কি?
এগুলো তোমার জন্য-- এই কূয়াটা যে আমিই খুঁড়েছি এগুলো তার প্রমাণ।
আমার পরিবার এবং তোমার পরিবারের মধ্যে সবসময়ই শান্তি বজায় থাকবে।
বের-শেবাতে এই চুক্তি করবার পর অবীমেলক পলেষ্টীয়দের দেশে ফিরে গেলেন এবং সেখানে তিনি একটা ঝাউ গাছ লাগালেন।
আর সেখানে তিনি সদাপ্রভু ঈশ্বরকে তাঁর যোগ্য সম্মান দিলেন।



AFTER THIS, GOD SOUGHT PROOF OF ABRAHAM'S READINESS TO OBEY.
ABRAHAM!
HERE I AM LORD.
TAKE YOUR ONLY SON ISAAC, WHOM YOU LOVE, AND GO TO THE REGION OF MORIAH.
THERE I WANT YOU TO SACRIFICE HIM AS A BURNT OFFERING ON ONE OF THE MOUNTAINS I WILL TELL YOU ABOUT.
EARLY THE NEXT MORNING ABRAHAM SADDLED HIS DONKEY AND TOOK WITH HIM TWO OF HIS SERVANTS AND HIS SON ISAAC.
AFTER ABRAHAM HAD GATHERED ENOUGH WOOD FOR THE BURNT OFFERING HE SET OUT FOR THE PLACE GOD HAD TOLD HIM ABOUT.


তিন দিনের দিন অব্রাহাম চোখ তুলে চাইতেই দূর থেকে সেই জায়গাটা দেখতে পেলেন।
তোমরা দুজন গাধাটা নিয়ে এখানেই থাক; আমার ছেলে আর আমি ওখানে যাব।
ওখানে আমাদের উপাসনা শেষ করে আবার আমরা তোমাদের কাছে ফিরে আসব।
অব্রাহাম পোড়ানো- উৎসর্গের জন্য কাঠের বোঝাটা তাঁর ছেলে ইস্‌হাকের কাঁধে চাপিয়ে দিলেন।
আর অব্রাহাম নিজেও আগুনের পাত্র ও ছোরা নিলেন।
বাবা?
হ্যাঁ বাবা, কি বলছ?
পোড়ানো-উৎসর্গের জন্য কাঠ আর আগুন রয়েছে দেখছি, কিন্তু ভেড়ার বাচ্চা কোথায়?
বাবা, পোড়ানো-উৎসর্গের জন্য ঈশ্বর নিজেই ভেড়ার বাচ্চা যুগিয়ে দেবেন।

আদিপুস্তক ২২:৪-৮


সেখানে অব্রাহাম একটা বেদি তৈরী করলেন...
অব্রাহাম সেই বেদিতে কাঠ সাজালেন...
অব্রাহাম তার ছেলেকে বাঁধলেন...
... তারপর তাকে সেই বেদিতে শোয়ালেন।


... তারপর অব্রাহাম--তার প্রতিজ্ঞাত ছেলেটিকে উৎসর্গের জন্য ছোরা হাতে নিলেন।
আদিপুস্তক ২২:১০




আদিপুস্তক ২২:১১-১৪







আদিপুস্তক ২২:১৫-১৯